গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৬৯.১৯(অংশ-১)-৪২৩ | তারিখ: ১১ চৈত্র ১৪৩২ / ২৫ মার্চ ২০২৬

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে জয়পুরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪টি প্রশিক্ষণ প্রকল্প অনুমোদন সংক্রান্ত।**

সূত্র: স্মারক নং- ৪৬.৪৩.৩৮০০.০০০.০০০.১৪.০০.২৬.৩৯৫, তারিখ: ০৪/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে জয়পুরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫০.০০ লক্ষ (পঞ্চাশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪টি প্রশিক্ষণ প্রকল্প নিম্নোক্ত শর্তাবলি যথাযথভাবে অনুসরণের শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, জয়পুরহাট;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।

স্মারক নম্বর: ৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৬৯.১৯(অংশ-১)-৪২৩/১(৭) | তারিখ: ১১ চৈত্র ১৪৩২ / ২৫ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী;
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৬৯.১৯(অংশ-১).৪২৪ তারিখ: ১১ চৈত্র ১৪৩২ / ২৫ মার্চ ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে জয়পুরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৩৯টি প্রকল্প পুনঃযাচাইকরণ সংক্রান্ত।**

সূত্র: স্মারক নং- ৪৬.৪৩.৩৮০০.০০০.০০০.১৪.৩০.২৬.৩৮৩, তারিখ: ২৭/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরে জয়পুরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৫০.৮০ লক্ষ (সাত কোটি পঞ্চাশ লক্ষ আশি হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৩৯টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রকল্পসমূহ নব নিযুক্ত প্রশাসকের মাধ্যমে পুনঃযাচাই প্রয়োজন।

০২। এমতাবস্থায়, সূত্রোক্ত প্রস্তাবটি যাচাই-বাছাইপূর্বক বিধি-বিধানের আলোকে স্বয়ংসম্পূর্ণ ও নির্ভুল পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

**বিতরণ:**

১. প্রশাসক, জেলা পরিষদ, জয়পুরহাট;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট।

স্মারক নম্বর : ৪৬.০০.৮১০০.০৪২.১৪.০৬৯.১৯(অংশ-১).৪২৪/১(৬) তারিখ: ১১ চৈত্র ১৪৩২ / ২৫ মার্চ ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব